

যুগান্তর

প্রিন্ট: ২০ জুলাই ২০২৫, ০৯:৫৭ এএম

শিক্ষার্থী

প্রাথমিকের বৃত্তি পরীক্ষা: সম্ভাব্য তারিখ ঘোষণা, যেসব বিষয়ে পরীক্ষা হবে



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৭ জুলাই ২০২৫, ১১:০৩ পিএম



Global Brand PLC.

Sharp, Smooth, Stunning

ফাইল ছবি

প্রাথমিক বৃত্তি পরীক্ষা ১৬ বছর পর আবার ফিরছে। সব কিছু ঠিক থাকলে আগামী ২১ থেকে ২৪ ডিসেম্বর পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা এ পরীক্ষায় বসবে।

বৃহস্পতিবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা-২০২৫ বিষয়ে জরুরি নির্দেশনা উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের কাছে পাঠানো হয়েছে।

নির্দেশনায় বলা হয়- বাংলা, ইংরেজি, প্রাথমিক গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান বিষয়ে পরীক্ষা হবে।

প্রতিটি বিষয়ে পূর্ণমান হবে ১০০ এবং পরীক্ষার সময় ২ ঘণ্টা ৩০ মিনিট। বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য তারিখ ২১, ২২, ২৩ ও ২৪ ডিসেম্বর।

সব সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় থেকে পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

২০০৯ সালে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা (পিইসিই) চালু হলে বন্ধ হয়ে যায় বৃত্তি পরীক্ষা। এ পরীক্ষায় উন্নীর্ণদের মধ্য থেকে মেধাতালিকায় জায়গা পাওয়াদের মাসিক হারে বৃত্তির টাকা দেওয়া হতো।

